

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 অর্থ মন্ত্রণালয়  
 অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
 জাতীয় রাজস্ব বোর্ড

(কাস্টমস)

প্রজ্ঞাপন

তারিখ, ২১ জ্যৈষ্ঠ, ১৪২২ বঙ্গাব্দ/৮ জুন, ২০১৫ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ১৫০-আইন/২০১৫/৩০/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত এর section 219 এর sub-section (1), এর THIRD SCHEDELE এর Item 17 এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, যাত্রী (অপর্যটক) ব্যাগেজ (আমদানি) বিধিমালা, ২০১২ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

**উপরি-উক্ত বিধিমালার-**

(ক) বিধি ৩ এর-

- (১) উপ-বিধি (১) এ উল্লিখিত “দুইটি কার্টন, ব্যাগ বা বস্তায় অথবা ৩২” (বত্রিশ ইঞ্চি) দৈর্ঘ্য বিশিষ্ট দুইটি স্যুটকেস বা ট্রাঙ্কে আনীত” শব্দগুলি, কমা, সংখ্যা, চিহ্ন ও বন্ধনী বিলুপ্ত হইবে;
  - (২) উপ-বিধি (২) এ উল্লিখিত “ একটি স্যুটকেস, ট্রাঙ্ক, কার্টন, ব্যাগ বা বস্তায়” শব্দগুলি ও কমাগুলি বিলুপ্ত হইবে; এবং
  - (৩) উপ-বিধি (৩) এ উল্লিখিত “ বা ৩২” (বত্রিশ ইঞ্চি) দৈর্ঘ্য বিশিষ্ট একটি স্যুটকেস বা ট্রাঙ্ক” শব্দগুলি, সংখ্যা, চিহ্ন ও বন্ধনী বিলুপ্ত হইবে;
- (খ) বিধি ১০ এ উল্লিখিত “ভিন্ন কোন পণ্য” শব্দগুলির পর “, আমদানি নীতি আদেশ বা অন্য কোন আইনের আওতায় নিয়ন্ত্রিত বা নিষিদ্ধ পণ্য ব্যতীত,” শব্দগুলি ও কমাগুলি সন্তুষ্টিপূর্ণভাবে হইবে; এবং

(গ) তফসিল-২ এর কলাম (১) এর ক্রমিক নং ১ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নবর্ণিত ক্রমিক নং ১ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহ প্রতিষ্ঠাপিত হইবে, যথা:-

“১। Plasma, LCD, TFT, LED ও অনুরূপ প্রযুক্তির টেলিভিশন	
(ক) ২২" - ২৯" পর্যন্ত	১০,০০০/- টাকা
(খ) ৩০" - ৩৬" পর্যন্ত	১৫,০০০/- টাকা
(গ) ৩৭" - ৪২" পর্যন্ত	২০,০০০/- টাকা
(ঘ) ৪৩" - ৪৬" পর্যন্ত	৩০,০০০/- টাকা
(ঙ) ৪৭" - ৫২" পর্যন্ত	৫০,০০০/- টাকা
(চ) ৫৩" থেকে তদূর্ধৰ	৭০,০০০/- টাকা ”।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(মোঃ নজিরুর রহমান)

চেয়ারম্যান।